

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩৫৬

88/ তাফসীরুল কুরআন (খ্রিট্র الله স্থ্রান্ত্র তাফসীরুল কুরআন (ইয়ান্ত্র তাফসীরুল কুরআন (খ্রান্ত্র তাফসীরুল কুরআন

পরিচ্ছেদঃ ৮৯. সূরা আল হাকুমুত-তাকাসুর

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ عَلْقَمَةَ، عَنْ يَحْيَى بُنِ عَبْدِ اللَّهِ بْنِ النُّبَيْرِ بْنِ الْعَوَّامِ، عَنْ أَبِيهِ، قَالَ لَمَّا نَزلَتَّ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ النُّبَيْرِ بْنِ الْعَوَّامِ، عَنْ أَبِيهِ، قَالَ لَمَّا نَزلَتَّ : (ثم لَتُسْأَلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيمِ،) قَالَ الزُّبَيْرُ يَا رَسُولَ اللَّهِ فَأَىُّ النَّعِيمِ نُسْأَلُ عَنْهُ وَإِنَّمَا هُمَا الأَسْوَدَانِ التَّمْرُ وَالْمَاءُ . قَالَ " أَمَا إِنَّهُ سَيَكُونُ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ .

বাংলা

৩৩৫৬। আবদুল্লাহ ইবনু যুবাইর ইবনুল আওওয়াম (রহঃ) হতে তার বাবার সূত্রে বর্ণিত আছে, তিনি বলেন, যখন অবতীর্ণ হলঃ "তারপর তোমাদেরকে সেদিন অবশ্যই নি'আমাত সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে"— (সূরা তাকাসুর ৮)। সে সময় যুবাইর (রাযিঃ) বললেন, হে আল্লাহর রাসূল! আমাদেরকে কোন নি'আমাত সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে? আমাদের নিকট তো শুধুমাত্র দু'ধরনের জিনিস রয়েছে? খেজুর ও পানি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে (সম্পত্তি) তো অদূর ভবিষ্যতে অর্জিত হবে।

হাদীসটির সানাদ হাসান।

আবৃ ঈসা বলেন, হাদীসটি হাসান।

English

Abdullah bin Az-Zubair bin Al-Awwam narrated from his father who said: "When the following was revealed: Then on that Day, you shall be asked about the delights!' Az-Zubair said: 'O Messenger of Allah! Which are the delights that we will be asked about, when they (delights) are but the two black things: dates and water?' He said: 'But it is what shall come.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন